

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mohfw.gov.bd

স্মারক নং-স্বাপকম/প্রশা-১/এডি/বিবিধ-০৩/২০১০(অংশ-৩)/ ২০১৬


তারিখঃ ১৬/০৭/২০১৭খ্রিস্টাব্দ
০১/০৪/১৪২৪ বঙ্গাব্দ

বিষয়ঃ দেশের সকল হাসপাতাল/বিশেষায়িত হাসপাতালে বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের (প্রতিবন্ধী ও অটিস্টিক শিশু) স্বাস্থ্য সেবা প্রদান।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অটিজম ও স্নায়ু বিকাশ জনিত সেলের ১৪/১২/২০১৪খ্রিঃ তারিখের ৩২ সংখ্যক স্মারকে নিউরো ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট আইন, ২০১৩ এর ১৭(গ) ধারার বিধান অনুযায়ী নিউরো ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্টি বোর্ডের ১ম ও ২য় সভার সিদ্ধান্ত মোতাবেক দেশের স্বাস্থ্য সেবা/হাসপাতালসমূহে নিউরো ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী ব্যক্তিদের চিকিৎসা সেবা প্রদানের নিমিত্ত একটি পৃথক ইউনিট বা ওয়ার্ড নির্দিষ্ট করার জন্য নির্দেশনা প্রদান করা হয়। বর্ণিত পত্রের আলোকে স্বাস্থ্য অধিদপ্তর হতেও গত ০৮/০১/২০১৫ তারিখের ১৭৬২ সংখ্যক স্মারকে বিজ্ঞপ্তি জারি করা হয়। মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী ইতোমধ্যে দেশের কয়েকটি হাসপাতালে শিশু বিকাশ কেন্দ্র ও অটিজম কেন্দ্র চালু থাকলেও বিশেষ চাহিদা সম্পন্ন শিশুরা(প্রতিবন্ধী ও অটিস্টিক শিশু) প্রয়োজনীয় স্বাস্থ্য সেবা পাচ্ছে না।

২। এমতাবস্থায়, দেশের সকল হাসপাতাল/বিশেষায়িত হাসপাতালে বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের (প্রতিবন্ধী ও অটিস্টিক শিশু) স্বাস্থ্য সেবা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

৩। বিষয়টি অতীব জরুরি।


(মোঃ রেজাউল আলম)
উপসচিব
ফোনঃ ৯৫৭৭৯৮৫
sasadmin1@mohfw.gov.bd

বিতরণ:

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। বিভাগীয় পরিচালক (সকল),-----।
- ৩। পরিচালক (সকল), -----।
- ৪। সিভিল সার্জন/তত্ত্বাবধায়ক/সুপারিনটেনডেন্ট (সকল),-----।
- ৫। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা (সকল)-----।

অনুলিপি:

- ১। সচিব, সমাজ কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৩। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৪। সিষ্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ/স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৬। সহকারী সচিব, অটিজম ও স্নায়ু-বিকাশজনিত সমস্যা বিষয়ক সেল, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৭। অতিরিক্ত সচিব(সকল) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৮। যুগ্মসচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।